

তারিখ ... ..  
 পৃষ্ঠা ৩৭ ... কাল ...

## নেত্রকোনা কলেজ ছাত্রী ধর্ষণ

নেত্রকোনা থেকে নিম্নরূপ সংবাদ-  
 দাতা : কলেজ থেকে বাড়ি ফেরার সময়  
 দুই পায়ণ্ড যুবক ধর্ষণ করেছে এক  
 সংখ্যালঘু কিশোরীকে। ঘটনাটি ঘটেছে  
 বুধবার বিকেলে ঝারহাটী উপজেলার  
 ভরতপুর গ্রামে। থানা পুলিশ এ ঘটনায়  
 রইছ উদ্দিন ও তারা মিয়া নামে ২ জনকে  
 গ্রেফতার করেছে।

সূত্র জানায়, ভরতপুর গ্রামের ওই  
 কিশোরী গত বুধবার কলেজ থেকে বাড়ি  
 ফিরছিল। বাড়ির কাছাকাছি আসার সময়  
 স্থানীয় ২ যুবক একটি পাটকেতে নিয়ে  
 তাকে ধর্ষণ করে। মেয়েটির চিৎকারে  
 ঘটনার সময় এলাকাবাসী ধর্ষকদের ধরে  
 ফেললেও রইছ উদ্দিন ও তারা মিয়া  
 তাদের জোর করে ছাড়িয়ে নেয়। পরে  
 খবর পেয়ে পুলিশ এসে রইছ উদ্দিন ও  
 তারা মিয়াকে গ্রেফতার করে। ধর্ষিতা  
 কলেজ ছাত্রীকে ময়মনসিংহ মেডিক্যাল  
 পাঠানো হয়েছে। এ ঘটনার পর  
 এলাকার সংখ্যালঘুরা আতঙ্কিত হয়ে  
 পড়েছে।